DIVISION OF MULTILINGUAL LEARNERS

NYC Department of Education

includenyc

E.L.L. INSTITUTE

EQUIP | LEARN | LAUNCH

*ইন্সটিটিউট ফর ফ্যামিলিজ অ্যান্ড কমিউনিটিজ় অভ ইংলিশ/মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স*

# পিতামাদের জন্য স্বপক্ষতা বা অ্যাডভোকেসি দক্ষতাসমূহ

30 এপ্রিল, 2022

উপস্থাপকবৃন্দ:
আলফোনসো গুজম্যান
(Alfonso Guzman)
INCLUDEnyc

আলোচনায় রয়েছে:

1. নাম
2. বরো
3. আপনার অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দের ভাষা কোনটি?

# উদ্দেশ্য

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

- শিক্ষার প্রসার এবং পিতামাতা-শিক্ষার্থী-স্কুলের মাঝে দৃঢ় বন্ধন কীভাবে তৈরি করা যায় সেবিষয়ে শিখুন
- ইংরেজি ভাষা শিক্ষার্থী এবং বহুভাষী (মাল্টিলিঙ্গুয়াল)/বহুসাংস্কৃতিক (মাল্টিকালচারাল) শিক্ষার্থী ও পরিবারদের জন্য প্রাসঙ্গিক অর্থবহ সম্পর্ক গড়ে তুলতে একটি আন্তঃসাংস্কৃতিক কমিউনিটি লালনকরণ।
- সংস্কৃতি, ভাষা, এবং পরিচিতি বিষয়ে বৈচিত্র্যময় পরিবার ও কমিউনিটি নেতৃবৃন্দের বক্তব্য শুনুন

ইন্সটিটিউট ফর ফ্যামিলিজ অ্যান্ড কমিউনিটিজ অভ ইংলিশ/মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স

# কর্মশালার তালিকা

| তারিখ | সময় | বিষয়বস্তু | সংগঠন |
|---|---|---|---|
| মঙ্গলবার, 14 এপ্রিল | 5:15pm - 6:30pm হাইব্রিড | বাড়ি ও স্কুলে সংস্কৃতি, পরিচিতি, ভাষা কেন্দ্রীভুতকরণ | ডিভিশন অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নারস সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নর্স এবং মাইক্রোসফট |
| মঙ্গলবার, 26 এপ্রিল | 5:30PM - 6:30PM | K-12-এর অনথিভুক্ত বা আনডক্যুমেন্টেড শিক্ষার্থী ও পরিবারদের সহায়তা প্রদান | Immschools |
| বৃহস্পতিবার, 28 এপ্রিল | 5:30PM - 6:30PM অনলাইন | স্পেশাল এডুকেশন এবং ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) | অ্যাডভোকেটস্ ফর চিলড্রেন |
| শনিবার, 30 এপ্রিল | 10:30AM - 11:30AM অনলাইন | পিতামাদের জন্য স্বপক্ষতা বা অ্যাডভোকেসি দক্ষতাসমূহ | IncludeNYC |
| মঙ্গলবার, 17 মে | 5:30PM - 6:30PM অনলাইন | বার্ষিক ELL প্যারেন্ট টিচার কনফারেন্সের জন্য কীভাবে প্রস্তুত হতে পারেন | নিউ ইয়র্ক স্টেট এসোসিয়েশন অভ বাইলিঙ্গুয়াল এডুকেশন |
| মঙ্গলবার, 19 মে | 5:30PM - 6:30PM অনলাইন | অভিবাসী এবং অনথিভুক্ত বা আনডক্যুমেন্টেডদের জন্য সেকেন্ডারী পরবর্তী সুযোগসমূহ | Immschools |
| শনিবার, 21 মে | 10:30AM - 11:30AM অনলাইন | টাইটেল III এবং পরিবারের সম্পৃক্ততা | ডিভিশন অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নারস্, NYCDOE |
| মঙ্গলবার, 2 জুন | 5:30PM - 6:30PM অনলাইন | পিতামাতাদের প্যানেল: অভিবাসী কমিউনিটির নেতৃবৃন্দ | Immschools |
| শনিবার, 4 জুন | 10:30AM - 11:30AM অনলাইন | আপনার কমিউনিটিতে ELL-দের জন্য বিনাখরচে প্রাপ্তবয়স্ক শিক্ষা শুরুকরণ | অফিস অভ অ্যাডাল্ট এডুকেশন, NYCDOE |
| মঙ্গলবার, 7 জুন | 5:30PM - 6:30PM অনলাইন | বাড়িতে দ্বিভাষিকতায় সহায়তাকরণ | ডিভিশন অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নারস্, NYCDOE |
| শনিবার, 16 জুলাই | 11:00AM - 5:30PM সশরীরে | সংক্ষিপ্ত কর্মশালা এবং বর্ষ সমাপ্তির অনুষ্ঠান | ডিভিশন অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নারস্ এবং মাইক্রোসফট |

# আলোচ্যসূচি: কার্যকর পক্ষ সমর্থনমূলক বা অ্যাডভোকেসির জন্য গুরুত্বপূর্ণ দক্ষতাসমূহ

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

- পদ্ধতি (সিস্টেম) এবং কাঠামোসমূহ বুঝুন
- আপনার অধিকার এবং দায়িত্ব সম্পর্কে জানুন
- আপনার সন্তানের বিশেষ চাহিদাসমূহ বুঝুন
- যথাযথ সংগঠিত এবং সুস্পষ্ট কার্যকর যোগাযোগ চর্চা করুন
- কীভাবে মতবিরোধ মীমাংসা করতে হয় তা জানুন

# স্বপক্ষতা বা অ্যাডভোকেসি কর্মকাণ্ড/টুল

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

## ADVOCACY SKILLS

An issue I am advocating for:

**Skill 1:** Understand the system you are dealing with

**Skill 2:** Know your rights and responsibilities

**Skill 3:** Understand...

| ...your child's disability | ...your need |
| --- | --- |
| | |

includenyc

## ADVOCACY SKILLS

**Skill 4:** Practice good organization

**Skill 5:** Practice clear and effective communication

**Skill 6:** Know how to resolve disagreements

includenyc

# পদ্ধতি বা সিস্টেমসমূহ বোঝা

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

## এটা কোন্ সিস্টেম অথবা সংগঠন?

- ডিপার্টমেন্ট অভ এডুকেশন
- পাবলিক সিস্টেম (OPWDD, মেডিকেইড)
- মেডিক্যাল ইনস্যুরেন্স পরিষেবা প্রদানকারী
- অন্য ধরণের সংগঠন অথবা কোম্পানি

# সাফল্যের জন্য পরিকল্পনা করুন

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

- যে সিস্টেম (সিস্টেমসমূহ) থেকে পরিষেবা নেবেন সেগুলো শনাক্ত করুন
- আপনার প্রধান যোগাযোগের ব্যক্তি শনাক্ত করুন
- মূল ভাষা এবং পরিভাষাসমূহ শনাক্ত করুন
- আপনার সন্তানের জন্য পরিষেবা পেতে কী কী পদক্ষেপ গ্রহণ আবশ্যক তা জিজ্ঞাসা করুন
- অনলাইন অ্যাকাউন্ট সেট-আপ করুন
- যোগ্যতার জন্য আবশ্যক বিষয়সমূহ জানুন
- কোন্ নথি বা ডকুমেন্টসমূহ উপস্থাপন করতে হবে তা শনাক্ত করুন
- তাদের সমাধানের পদ্ধতি কী?
  - মধ্যস্থতা, শুনানি, তৃতীয়পক্ষের মধ্যস্থতা, আপীল
  - *পরামর্শ: বিকল্পসমূহ শনাক্ত করতে প্রত্যাখ্যানের চিঠি, চুক্তি, বেনিফিটের সারক্ষেপ, এবং "স্পেশাল এডুকেশনের ফ্যামিলি গাইড" (ফ্যামিলি গাইড টু স্পেশাল এডুকেশন) পড়ুন*

** ইমিগ্রেশন স্ট্যাটাসের গুরুত্ব দেয়া হয় না!*

# উদাহরণ:
# NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন থেকে স্পেশাল এডুকেশন পরিষেবা অনুরোধ

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

- মূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে যোগ্যতা নির্ধারিত হয়
  - ডিপার্টমেন্ট অভ এডুকেশনকে অবশ্যই প্রতিবন্ধিতার আশঙ্কাযুক্ত সকল ক্ষেত্রগুলো মূল্যায়ন করতে হবে।
  - কোনও শিক্ষার্থীর শিক্ষা প্রভাবিত হবে এমন চিকিৎসাগতভাবে নির্ণিত শারীরিক অবস্থা স্কুলের শিক্ষা পরিকল্পনা (IEP) টিম-এর কাছে জমা দেয়া উচিৎ।
  - পেশাদারদের দ্বারা কৃত স্বনির্ভর মূল্যায়নসমূহ IEP টিমের কাছে জমা দেয়া যেতে পারে।
  - যোগ্যতা নিরুপণে সংগৃহীত তথ্য ব্যবহৃত হবে:
    - **শিক্ষার্থী এক বা একাধিক প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগের জন্য শর্তাবলী পূরণ করে কী?** অটিজম, বধিরতা, বধির-অন্ধত্ব, আবেগগত সমস্যা, শ্রুতি বৈকল্য, শিক্ষণ প্রতিবন্ধিতা, বৌদ্ধিক প্রতিবন্ধিতা, বহুবিধ প্রতিবন্ধিতা, অস্থিজনিত বৈকল্য, অন্যান্য স্বাস্থ্যগত বৈকল্য, বাচন অথবা ভাষা বৈকল্য, মস্তিস্কে আঘাতজনিত চোট, দৃষ্টি বৈকল্য
    - প্রতিবন্ধিতার কারণে শিক্ষার্থী স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং/অথবা পরিষেবাসমূহের আবশ্যকতা আছে কী?

# প্রতিটি সিস্টেমই ভিন্ন

উদাহরণ: সকল মূল্যায়ন সমান নয়

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কিছু মূল্যায়ন অন্যান্য এজেন্সি অথবা সংগঠন, যেমন OPWDD এর আবশ্যক শর্তাবলী পূরণ করে না

# আপনার অধিকার এবং দায়িত্বসমূহ সম্পর্কে জানুন

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

- কর্মশালা বা ওয়ার্কশপে যোগ দিন
- ওয়েবসাইট পড়ুন
- "স্পেশাল এডুকেশন সার্ভিসের ফ্যামিলি গাইড"-এর মত নির্দেশিকা এবং ডাকযোগে, ইমেইলে, অথবা বিতরণকৃত যেকোনো লভ্য উপকরণ পড়ুন
- প্রশ্ন করুন
- প্যারেন্ট সাপোর্ট গ্রুপগুলোতে যোগ দিন
- সম্পৃক্ত হোন - একজন পিতামাতা সদস্য হোন

# আপনার সন্তানের বিশেষ চাহিদাসমূহ বুঝুন

আপনার সন্তানের প্রতিবন্ধিতা অথবা আপনার চাহিদা বুঝলে কোনও সিস্টেম অথবা সংগঠন থেকে আপনি যা পেতে চান তা সংজ্ঞায়িত, বর্ণনা, অথবা যোগাযোগ করতে সহায়তা করবে।

উদাহরণস্বরূপ, **আপনার সন্তানের প্রতিবন্ধিতা বোঝা আপনাকে উল্লিখিতে সহায়তা করে:**

- আপনার সন্তানের চাহিদা এবং সক্ষমতাসমূহ সুস্পষ্টভাবে আলোচনা করুন
- আপনার সন্তানের যেসব পরিষেবা, সহায়ক প্রযুক্তি, এবং বিশেষ সুবিধা ব্যবস্থা প্রয়োজন সেগুলো শনাক্ত ও পক্ষ সমর্থন করুন
- আপনার সন্তান যেধরণের শিক্ষাগত, কমিউনিটি, অথবা চিকিৎসাগত পরিষেবা গ্রহণ করবে সেগুলো প্রভাবিত করুন
- অন্য যাদের বোঝা প্রয়োজন তাদের শেখান (যেমন, পরিবার, বন্ধু, পাবলিক)

# যথাযথ সংগঠিত হওয়ার চর্চা করুন

- পদ্ধতিগত ধাপসমূহ অনুসরণ করুন
- লিখিতভাবে প্রস্তুত করুন
- যোগাযোগের রেকর্ড রাখুন
- রেকর্ডসমূহ গুছিয়ে একস্থানে রাখুন
- সবকিছু সংরক্ষণ করুন

# সুস্পষ্ট এবং কার্যকরী লিখিতভাবে যোগাযোগ রক্ষা চর্চা করুন

- যে ব্যক্তি প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন, তার কাছে নথি বা ডকুমেন্ট পাঠাবেন।
- সেটা স্বাক্ষর করুন, তারিখ দিন, এবং আপনার যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন।
- আপনি কার পক্ষ সমর্থন করছেন তা সুস্পষ্টভাবে উল্লেখ করুন (নাম, জন্মতারিখ, ID নম্বর)
- একটি অথবা দুইটি সমস্যার প্রতি মনোনিবেশ করুন।
- আপনার নথি বা ডকুমেন্ট যেন এক পৃষ্ঠার বেশী না হয়, তা নিশ্চিত করুন।
- *পরামর্শ: সকল নথি বা ডকুমেন্টসমূহ সংরক্ষণ করুন*

# সুস্পষ্ট এবং কার্যকরী মৌখিক যোগাযোগ রক্ষা চর্চা করুন

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

- আপনি যা বলতে চান তা মহড়া করুন
- শুনুন এবং প্রশ্ন জিজ্ঞাসা করুন
- সুস্পষ্টভাবে বলুন
- অন্যদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করুন এবং তা প্রত্যাশা করুন
- সুস্পষ্টভাবে বলার জন্য ভিন্নভাবে বলুন
- একত্রে সমস্যা সমাধান করুন
- "I want..." -এর পরিবর্তে "my child will benefit from..." অথবা "he needs..." -এর মত বাক্যাংশ ব্যবহার করুন
- *পরামর্শ: সুস্পষ্ট করতে অথবা সঠিক তথ্য দিতে পুনরায় চিঠি লিখুন, এবং ফলশ্রুতিতে প্রামাণ্য নথি গড়ে তুলুন।*

# কীভাবে মতবিরোধ মীমাংসা করতে হয় তা জানুন

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

- আপনি যাদের চেনেন তাদের সাথে প্রথম কথা বলুন
- সমস্যার কার্যকর সমাধান সাধারণ উপায়েই করা যেতে পারে
- আপনার অন্যান্য পক্ষ সমর্থন বা অ্যাডভোকেসি দক্ষতাসমূহ ব্যবহার করুন - সমস্যা সমাধানের ধাপগুলো শনাক্ত করুন, এরপর ধাপে ধাপে অগ্রসর হোন, প্রতিটি ধাপের লিখিত প্রমাণ রাখুন
- জেনে রাখুন যে প্রায়শই আপনার গ্রহণ করার মত অন্য কোনও পদক্ষেপ আছে

# আনুষ্ঠানিক দ্বন্দ্ব নিরসন

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

**কার্য সিদ্ধিতে সঠিক টুল ব্যবহার করুন।**

- পরবর্তী ধাপসমূহের জন্য আনুষ্ঠানিক দ্বন্দ্ব নিরসন নির্ভর করে আপনি যে সংগঠনের সাথে কাজ করছেন এবং কোন্ ধরণের সমস্যা সমাধান ব্যবহৃত হচ্ছে, সেটার উপর:
    - মধ্যস্থতা
    - নিরপেক্ষ শুনানি
    - ন্যায্য শুনানি
    - অভিযোগসমূহ
    - আপিল

# দক্ষতাসমূহের যাচাই-তালিকা

- আপনি কী শিখেছেন?
- আপনি কী কোনও দক্ষতা উন্নত করার আশা করছেন?
- আপনি কী কোনও কৌশল চেষ্টা করার পরিকল্পনা করছেন?

# উপসংহারে

*"তাদের কোনও ক্ষমতা নেই, এটা ভেবে মানুষ সবচেয়ে সাধারণ উপায়ে ক্ষমতা বর্জন করে।"*

- *অ্যালিস ওয়াকার (Alice Walker)*

# আপনি যাবার আগে!

E.L.L. INSTITUTE
EQUIP | LEARN | LAUNCH

- প্রতিক্রিয়ামূলক জরিপটি পূরণ করুন - ***চ্যাটে প্রতিক্রিয়ামূলক জরিপের লিংক***
- মঙ্গলবার, 17 মে, 2022 তারিখ সন্ধ্যা 5:30PM-এ বার্ষিক ELL প্যারেন্ট টিচার কনফারেন্সের জন্য কীভাবে প্রস্তুত হতে পারেন সেবিষয়ের উপর ধার্য NYSABE, NYC প্রতিনিধি দল অঞ্চল (Delegation Region) II-এর পরবর্তী সেশনটি সম্পর্কে আপনার কোনও সহকর্মীকে জানান

আমরা সানন্দে আপনার কথা শুনব!

আমাদের DML@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।